

সাধারণ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

বিনিময় কি?

- ✓ বিনিময় একটি ওয়েব-ভিত্তিক ইন্টারঅপারেবল ডিজিটাল ট্রানজেকশন প্ল্যাটফর্ম যেখানে ব্যাংক, মোবাইল আর্থিক পরিষেবা প্রতিষ্ঠান (MFS) এবং পেমেন্ট সিস্টেম প্রদানকারী প্রতিষ্ঠান (PSP) মুহূর্তেই নিজেদের মধ্যে অর্থ আদান প্রদান করতে পারে।

বিনিময় সার্ভিসটি ইউনেট (Unet) এর কোথায় পাবো?

- ✓ ইউনেটে লগ-ইন করে ফান্ড ট্রান্সফার অপশনে গেলেই বিনিময় সার্ভিসটি পাবেন।

বিনিময় সার্ভিসটি কি Unet অ্যাপ ও ওয়েব উভয় ক্ষেত্রেই পাওয়া যাবে?

- ✓ না, বর্তমানে শুধুমাত্র অ্যাপ (এন্ড্রয়েড ও আইওএস) ব্যবহার করে এই সার্ভিসটি নেয়া যাবে।

বিনিময় সার্ভিস কিভাবে পেতে পারি?

- ✓ সার্ভিসটি পেতে আপনার মোবাইল ব্যাংকিং অ্যাপস - ইউনেট এ লগইন করে বিনিময়-তে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করার সময় আপনাকে একটি ভার্সিয়াল আইডি তৈরি এবং ৬ অংকের পিন সেট করতে হবে। বিনিময়-এর মাধ্যমে অর্থ লেনদেনে এই ভার্সিয়াল আইডি ও পিন ব্যবহার করতে হবে।

ভার্সিয়াল আইডি কি প্রত্যেক গ্রাহকের জন্য আলাদা?

- ✓ হ্যাঁ, ভার্সিয়াল আইডি প্রত্যেক গ্রাহকের জন্য আলাদা এবং আপনি একবার একটি ভার্সিয়াল আইডি তৈরি করলে তা পরিবর্তন করা বা মুছে ফেলা যাবে না।

বিনিময় - এর মাধ্যমে কি কি সার্ভিস পেতে পারি?

- ✓ নিম্নলিখিত সার্ভিসগুলো আপনি বিনিময়-এর মাধ্যমে পেতে পারেন:
 - ডিরেক্ট পে (Direct Pay - DP): এর মাধ্যমে আপনি আপনার ইউসিবি অ্যাকাউন্ট থেকে অন্য কোন ভার্সিয়াল আইডিতে অর্থ পাঠাতে পারবেন।
 - রিকোয়েস্ট টু পে (Request to Pay - RTP): এর মাধ্যমে আপনি অন্য কোন ভার্সিয়াল আইডিতে আপনাকে টাকা পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন। যাকে অনুরোধ করছেন সে আপনার অনুরোধটি এক্সপেট করা সাপেক্ষে অনুরোধকৃত অর্থটি আপনার একাউন্টে জমা হবে।

এখানে উল্লেখ্য যে, প্রাপকের ভার্সিয়াল আইডি লিখতে ভুল হলে প্রদানকৃত অর্থ ভুল ভার্সিয়াল আইডিতে যেতে পারে। সেক্ষেত্রে কোন লেনদেনের পূর্বেই প্রাপকের ভার্সিয়াল আইডির সঠিকতা নিশ্চিত করতে হবে।

আমার কাছে কোন রিকোয়েস্ট টু পে (RTP) আসলে আমি সেটি কোথায় পাবো?

- ✓ বিনিময় এর Pending RTP-এ অনুরোধকৃত RTP গুলো দেখতে পাবেন। এখানে নিম্নলিখিত দুটি তালিকা পাবেন-
 - **রিকোয়েস্ট রিসিভড (Request Received):** এটি অন্যদের থেকে আপনি যে RTP গুলো পেয়েছেন তার তালিকা দেখাবে। আপনাকে এই RTP রিকোয়েস্টগুলো গ্রহণ বা প্রত্যাখ্যান (Accept/Reject) করতে হবে। আপনি রিকোয়েস্ট গ্রহণ (Accept) করলে, আপনার অ্যাকাউন্ট থেকে টাকা ডেবিট হয়ে প্রেরকের অ্যাকাউন্টে জমা হবে। সেজন্যে, আপনি কোন অনুরোধ সম্পর্কে নিশ্চিত না হলে, সেটি Accept করা থেকে বিরত থাকুন।
 - **রিকোয়েস্ট সেন্ট (Request Sent):** আপনি অন্যান্য ভার্সিয়াল আইডিতে পাঠানো সমস্ত RTP অনুরোধগুলির বর্তমান অবস্থা এখানে পাবেন।

রিকোয়েস্ট টু পে (RTP) কত সময়ের মধ্যে এক্সেপ্ট করতে হবে?

- ✓ কোন RTP রিকোয়েস্ট পাবার পর তা ৩০ মিনিট পর বাতিল হয়ে যাবে। তাই আপনাকে এর মধ্যেই Accept বা Reject করতে হবে।

প্রেরক ও গ্রাহক একই ভার্সিয়াল আইডি হলে কি লেনদেন সম্ভব?

- ✓ না, প্রেরক ও গ্রাহক একই ভার্সিয়াল আইডি হলে লেনদেন সম্ভব হবে না।

ডিফল্ট অ্যাকাউন্ট কি?

- ✓ ভার্সিয়াল আইডি তৈরির সময় ডিফল্ট অ্যাকাউন্ট সেট করতে হবে।
- ✓ আপনার বিনিময় অ্যাকাউন্ট (ভার্সিয়াল আইডি) থেকে কোন অর্থ প্রদান করলে আপনার ডিফল্ট ডেবিট অ্যাকাউন্ট থেকে প্রদানকৃত অর্থ ডেবিট হবে।
- ✓ আপনার বিনিময় একাউন্টে (ভার্সিয়াল আইডিতে) কেউ অর্থ পাঠালে আপনার নির্ধারিত ডিফল্ট ক্রেডিট একাউন্টে সেই অর্থ জমা হবে।
- ✓ ডিফল্ট অ্যাকাউন্ট পরে পরিবর্তন করা যাবে।

বিনিময় ফান্ড ট্রান্সফার এর ক্ষেত্রে লেনদেনের সীমা কত?

- ✓ প্রতি ট্রান্সফারে সর্বোচ্চ ১০০,০০০.০০ টাকা এবং প্রতিদিন সর্বোচ্চ ৫০০,০০০.০০ টাকা পর্যন্ত লেনদেন করা যাবে। কিন্তু অন্যান্য এমএফএস বা পিএসপি-তে ফান্ড ট্রান্সফার সেই এমএফএস বা পিএসপি -এর নির্ধারিত সীমার উপর নির্ভর করে।

বিনিময় এবং RTGS/NPSB/BEFTN-এর মধ্যে মৌলিক পার্থক্য কী?

- ✓ বিনিময় প্ল্যাটফর্ম ব্যবহার করে আপনি ব্যাংক থেকে ব্যাংকে/এমএফএস/পিএসপি-তে ফান্ড ট্রান্সফার করতে পারছেন, যেখানে, RTGS/NPSB/BEFTN ব্যবহার করে ব্যাংক থেকে এমএফএস/পিএসপি-তে ফান্ড ট্রান্সফার করতে পারছেন না।
- ✓ বিনিময়ের মাধ্যমে ফান্ড ট্রান্সফার করতে প্রাপকের অ্যাকাউন্ট বা কার্ড নম্বরের প্রয়োজন হয় না, বরং প্রাপকের ভার্সিয়াল আইডি জানলেই হয়। পক্ষান্তরে, RTGS/NPSB/BEFTN এ প্রাপকের অ্যাকাউন্ট বা কার্ড নম্বরেই ফান্ড ট্রান্সফার করতে হয়।

আমি কি আমার বিনিময় অ্যাকাউন্টের পিন পরিবর্তন করতে পারি?

- ✓ হ্যাঁ, আপনি বিনিময়ে পিন রিসেট অপশন ব্যবহার করে পিন পরিবর্তন করতে পারবেন।

ইউনেটে বিনিময় ব্যবহারে সার্ভিস চার্জ কত?

- ✓ ব্যাংকের সিডিউল অফ চার্জ অনুযায়ী।

লেনদেন সংক্রান্ত জটিলতার জন্য কোথায় যোগাযোগ করবো?

- ✓ লেনদেন জটিলতার জন্য তাৎক্ষণিক আমাদের ২৪/৭ কল সেন্টার – ১৬৪১৯ নম্বরে যোগাযোগ করুন।

বিনিময় -এর অন্যান্য অংশগ্রহণকারী ব্যাংক/ এমএফএস/ পিএসপি গুলি কারা?

- ✓ বর্তমানে যে প্রতিষ্ঠানগুলি বিনিময় পরিষেবায় অংশগ্রহণ করছে - সোনালী ব্যাংক, পূবালী ব্যাংক, ব্র্যাক ব্যাংক, মিডল্যান্ড ব্যাংক, দি সিটি ব্যাংক, ইসলামী ব্যাংক, ডাচ-বাংলা ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ইস্টার্ন ব্যাংক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক, রকেট, বিকাশ, এম-ক্যাশ এবং ট্যালি পে। পরবর্তীতে আরও প্রতিষ্ঠান এই সেবায় অংশগ্রহণ করতে পারে।